



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ১৬১

রাজশাহী নগরবাসীর প্রতি আরএমপি'র নিষেধাজ্ঞা জারি

রাজশাহী; ১২ মাঘ (২৬ জানুয়ারি):

আগামী ২৯ জানুয়ারি, ২০২৩ রাজশাহী মহানগরীর ঐতিহাসিক মাদ্রাসা মাঠে বাংলাদেশ আওয়ামী লীগের জনসভায় প্রধান অতিথির হিসেবে বক্তৃতা করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ উপলক্ষ্যে জনসভায় রাজশাহী মহানগর-সহ পার্শ্ববর্তী জেলাসমূহ হতে ব্যাপক লোক সমাগম ঘটবে মর্মে জানা যায়।

জনসভা উপলক্ষ্যে রাজশাহী মহানগর এলাকার শান্তি-শৃঙ্খলা রক্ষার নিমিত্ত কিছু নিষেধাজ্ঞা আরোপ করেছে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ।

রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আইন, ১৯৯২ এর ২৬ (ঢ), ২৯ এর ১(ক) ও ২৯ এর ১ (খ) ধারার অর্পিত ক্ষমতাবলে রাজশাহী মহানগর এলাকায় আগামী ২৭ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ, সকাল ০৬.০০ ঘটিকা হতে ৩০ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দ সকাল ০৬.০০ ঘটিকা পর্যন্ত সব ধরনের অস্ত্র-শস্ত্র বহন, আতশবাজি, পটকা ফুটানো, বিষ্ফোরক দ্রব্য বহন, সংরক্ষণ, ক্রয়-বিক্রয় ও ব্যবহার এবং অনুমতি ব্যতিরেকে ড্রোন উড্ডয়ন নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে।

এছাড়াও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৯(১) ধারায় অর্পিত ক্ষমতাবলে যে-কোনো ধরনের মাদকদ্রব্য যথা- দেশি ও বিদেশি মদ, স্পিরিট/অ্যালকোহল-সহ নেশাজাতীয় দ্রব্য ক্রয়-বিক্রয় নিষিদ্ধ ঘোষণা এবং উপরে বর্ণিত সময় সব অনুমোদিত বার, মদের দোকান বন্ধ রাখার নির্দেশ প্রদান করা হয়েছে।

আইন অমান্যকারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং বিভিন্ন প্রাতিষ্ঠানিক নিরাপত্তা কর্মীদের অস্ত্র এই নিষেধাজ্ঞার আওতাভুক্ত নয়।

আরএমপি'র পুলিশ কমিশনারের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই নিষেধাজ্ঞা জারি করা হয়।##

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/ ২০২৩/১৫.১৫ঘ.